অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ট্র্যাফিক নিরাপত্তা উন্নত করতে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা প্রদান করতে পদক্ষেপ গ্রহণ করলেন

ওয়েস্টচেস্টার কাউন্টি এবং সিরাকিউজে ট্র্যাফিক বাতি ক্যামেরার এবং সিরাকিউজ ও অ্যালবানিতে স্কুল জোন গতি ক্যামেরার অনুমোদন দিতে বিধিমালায় স্বাক্ষর করলেন

সকল যানবাহনকে অন্তর্ভুক্ত করার জন্য বিদ্যমান মুভ ওভার আইন উন্নত করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

গভর্নর হোকল পুরো স্টেটে ট্র্যাফিক নিরাপত্তা উন্নত করতে পদক্ষেপের একটি সিরিজ গ্রহণ করেছেন। এর মধ্যে রয়েছে ওয়েস্টচেস্টার কাউন্টি এবং সিরাকিউজ ও অ্যালবানি শহরের প্রধান প্রধান মোড়ে ট্র্যাফিক বাতি এবং স্কুল জোনে গতিসীমা লঙ্ঘন আইন প্রয়োগ করতে ক্যামেরা ইনস্টল করার অনুমতি প্রদান করা, এবং একই সাথে পুরো স্টেটের চালকদের সুরক্ষা দানের জন্য বিদ্যমান মুভ ওভার আইনকে (Move Over Law) উন্নত করার জন্য বিধিমালায় স্বাক্ষর করা।

"নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং ট্র্যাফিক নিরাপত্তা এর ব্যতিক্রম নয়," **গভর্নর হোকল বলেন।** "আজকে স্বাক্ষর করা বিধিমালা চালক, সাইকেলচালক, পথচারী এবং বিশেষ করে আমাদের স্কুলের বাচ্চাদের জন্য আমাদের পুরো স্টেটের সড়ককে আরো নিরাপদ করবে। এই বিলগুলি সম্পন্ন করতে তাদের কাজের জন্য আইনসভায় আমার অংশীদারদের ধন্যবাদ, নিউ ইয়র্ক এর দ্বারা আরো উত্তম হলো।"

স্থানীয় সত্তাদের ট্র্যাফিক বাতি ও স্কুল জোন গতি ক্যামেরা কর্মসূচির অনুমোদন দিয়ে গভর্নর হোকল আজকে নিম্নলিখিত বিলসমূহে স্বাক্ষর করেছেন:

- ওয়েস্টচেস্টার ট্র্যাফিক বাতি ক্যামেরা (A7206B/S7026B)
- সিরাকিউজ ট্র্যাফিক বাতি ক্যামেরা(A6686/S6631)
- অ্যালবানি স্কুল জোন গতি ক্যামেরা (A7043A/S6802A)
- সিরাকিউজ স্কুল জোন গতি ক্যামেরা (S6632/A6687A)

নতুন আইনের অধীনে, ওয়েস্টচেস্টার কাউন্টি এবং অ্যালবানি ও সিরাকিউজ শহর এমন কর্মসূচি বাস্তবায়ন করার অনুমোদন পাবে যা গতি হ্রাস করা এবং একই সাথে চালক, সাইকেলচালক ও পথচারীদের সুরক্ষা দান করার জন্য প্রমাণিত পন্থা।

স্টেটের সিনেটর নীল ব্রেসলিন বলেন, "দ্রুত গতিতে গাড়ি চালানো চালক অ্যালবানি সিটির কিছু এলাকাজুড়ে ব্যাপক একটি সমস্যা হয়ে উঠেছে। স্কুল জোনে, যেখানে শিশু ও পরিবার আহত হওয়া বা এমনকি প্রাণ হারানোর জন্য ঝুঁকিগ্রস্ত, সেখানে এটি একটি বিশেষ সমস্যা। আমাদের সড়ককে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য গুরুত্বপূর্ণ এই ট্র্যাফিক নিরাপত্তা ব্যবস্থাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "শিক্ষার্থীদের সুরক্ষা দান, সংঘর্ষ হ্রাস, এবং নিরাপত্তা উন্নত করতে সাহায্য করার জন্য পুরো দেশের মিউনিসিপ্যালিটিগুলি সফলভাবে স্কুল জোনে গতি ক্যামেরা কর্মসূচি বাস্তবায়ন করেছে। 2018-2022 এর মধ্যে, অ্যালবানি সিটির স্কুল জোনগুলিতে 1,765টি গতিসীমা লঙ্ঘনের ঘটনা এবং 11,283টি যানবাহন সংক্রান্ত দুর্ঘটনার প্রতিবেদন রয়েছে, যার ফলে সংঘর্ষের কারণে মোট 2,109টি আহত হওয়ার ঘটনা এবং সংঘর্ষের কারণে মোট 11 জনের মৃত্যু হয়েছে। আমরা জানি এই প্রতিরোধক কাজ করে, নিউ ইয়র্ক সিটিতে নির্ধারিত গতি ক্যামেরার অবস্থানে গড়ে 73 শতাংশ গতিসীমা লঙ্ঘনের ঘটনা হ্রাস পেয়েছে। অ্যালবানি সিটিকে একটি সীমিত স্কুল জোনে গতি ক্যামেরা কর্মসূচির নিজস্ব সংস্করণ বাস্তবায়ন করতে দিলে তা সংঘর্ষের সংখ্যা হ্রাস করবে, স্কুল জোনে দ্রুত গতিতে গাড়ি চালানোর ঝুঁকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করবে, এবং পরিণামে জীবন রক্ষা করবে। সাধারণ বুদ্ধির এই বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যালবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "অ্যালবানির স্কুল জোনে দ্রুত গাড়ি চালনা করা মোটরচালকেরা আমাদের শহরের পথচারীদের, বিশেষ করে আমাদের সবথেকে কমবয়সী বাসিন্দাদের জীবন ঝুঁকিগ্রস্ত করে। স্কুল জোন গতি ক্যামেরা কর্মসূচিতে অ্যালবানির অংশগ্রহণ আমাদেরকে স্কুল জোনের মধ্যে পথচারীদের নিরাপত্তা উন্নত করতে সাহায্য করার জন্য আমাদের পক্ষে সম্ভব সকল কিছু করতে দিবে। বিধিমালাটি আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি, এবং সিনেটর নীল ব্রেসলিন এবং অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি এবং জন ম্যাকডোনাল্ডকে নিয়ে গঠিত আমাদের আইনসভার প্রতিনিধিদল এবং সেই সাথে এই বিধিমালাকে সমর্থন করার অ্যালবানি সাধারণ পরিষদের প্রতি আমি কৃতজ্ঞ।"

সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "আমরা সিরাকিউজের জন্য একটি ভিশন জিরো নিয়ে কাজ করছি। সকল ট্র্যাফিক মৃত্যু ও মারাত্মক আঘাত নির্মূল করার জন্য এবং একই সাথে সকলের জন্য নিরাপদ, স্বাস্থ্যকর, সমতার সচলতা বৃদ্ধি করার জন্য এটি একটি সার্বজনীন প্রয়াস। এই ভিশনে রয়েছে শিশু ও পরিবারের জন্য স্কুল পর্যন্ত নিরাপদ প্যাসেজওয়ে। স্কুল জোনে লাল বাতি এবং গতি ক্যামেরা বাস্তবায়ন করা সেই দিকে একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। এই বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে এবং আমাদের কমবয়সীদের সুরক্ষা দান করতে

এবং সিরাকিউজে এই নিরাপত্তা উন্নয়ন সম্ভব করতে অ্যাসেম্বলিসদস্য উইলিয়াম ম্যাগনারেলির নেতৃত্বের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

পাশাপাশি, গভর্নর হোকল আজকে বিধিমালা (A1077/S5129) স্বাক্ষর করেছেন যা বিদ্যমান "মুভ ওভার" আইনকে উন্নত করে, চালকদের জন্য রাস্তায় থেমে থাকা যানবাহন এড়ানোর জন্য যথাযথ সাবধানতা অবলম্বন করা আবশ্যক করে, এর মধ্যে লেন পরিবর্তন থাকবে। বর্তমান আইনটি 2010 সাল থেকে কার্যকর আছে এবং এটি জরুরি যানবাহনের সাথে সংঘর্ষ এড়াতে নকশা করা হয়েছে।এর পরবর্তী বছরগুলিতে, ঝুঁকিপূর্ণ যানবাহন এবং অন্যান্য সাড়াদান যানবাহন অন্তর্ভুক্ত করতে আইনটিকে সম্প্রসারিত করা হয়েছে। তবে, হাইওয়ের পাশে থেমে থাকা ব্যক্তিগত যানবাহন নিরাপত্তা হুমকি হয়ে রয়েছে।প্রতি বছর প্রায় 300 চালক রাস্তার পাশে ধাক্কা খেয়ে মারা যায়, এবং 2016-2020 এর মধ্যে নিউ ইয়র্কে বিকল যানবাহনের বাইরে দাঁড়ানো 37 ব্যক্তি ধাক্কা খেয়ে মারা গেছে।এই আইনটি রাস্তায় থেমে থাকা সকল যানবাহনকে অন্তর্ভুক্ত করার জন্য বিদ্যমান মুভ ওভার আইনকে সম্প্রসারিত করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন